

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬০৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইলমে হাদীসে যিনি মজবূত ইলম অর্জন করেননি, তিনি যেই হাদীসের মাধ্যমে এই সংশয়ে নিপতিত হন যে, রবী'আহ বিন উসমানের হাদীসটি হয়তো ত্রুটিযুক্ত

ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةِ الْحَدِيثِ أَنَّ خَبَرَ رَبِيعَةَ بْنِ عُثْمَانَ الَّذِي ذَكَرْنَاهُ مَعْلُولٌ

আরবী

1604 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ عِمْرَانَ بْنِ أَبِي الْخُدْرِيِّ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ أَنَّهُ قَالَ: تَمَارَى رَجُلَانِ فِي أَبِي الْمَسْجِدِ الْذِي أُسِّس عَلَى التَّقُوَى فَقَالَ رَجُلُّ: هُوَ مَسْجِدُ قُبَاءَ وَقَالَ آخِرُ: هُو مَسْجِدُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (هُوَ مسجدي هذا)

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1604 اخلاصة حكم المحدث: صحيح؛ لكن المحفوظ من حديث أبى سعيد الخدري.

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: الطَّرِيقَانِ جميعاً محفوظان.

বাংলা

১৬০৪. সাহল বিন সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "যেই মসজিদের ব্যাপারে বলা হয়েছে যে, তা তাকওয়ার উপর স্থাপিত হয়েছে, সেই মসজিদের ব্যাপারে দুইজন ব্যক্তি বিবাদে লিপ্ত হন, তাদের একজন বলেন, "সেটি হলো মদীনার মসজিদ।" অপরজন বলেন, "সেটি মসজিদে কুবা।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "সেটি হলো আমার এই মসজিদ।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "হাদীসটির দুটো সানাদই মাহফূয তথা সহীহ।"



ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৭২; মুসনাদ আহমাদ: ৫/৩৩১; তাফসীরে তাবারী: ১৭২১৮; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৪/১০; হাকিম: ২/৩৩৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৬০২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন